



১১তম বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে গতকাল মিউনিসিপ্যালিটির রাস্তা অবরোধ করে শিক্ষার্থীদের বিক্ষোভ মিছিল -ইত্তেফাক

ঢাকা কলেজকে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ

১ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৯

ঢাকা কলেজকে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় ঘোষণার দাবিতে শিক্ষার্থীরা কলেজের সামনের রাস্তা অবরোধ করে বিক্ষোভ ও সমাবেশ করেছে। গতকাল বুধবার ঢাকা কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার সংগ্রাম পরিষদের তরফে তিন এ কর্মসূচি পালন করে। এর আগে শিক্ষার্থীরা কলেজ ক্যাম্পাসে মানববন্ধন কর্মসূচি পালন করে।

ঢাকা কলেজ বিশ্ববিদ্যালয় রূপান্তরিত করার সংগ্রাম পরিষদের অন্যতম নেতা বন্ধুকার তারেক রায়হান জানান, বেলা

১১টার দিকে সহস্রাধিক শিক্ষার্থী কলেজ ক্যাম্পাসের শহীন মিনারে সমবেত হয়। পরে শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল নিয়ে কলেজের সামনের রাস্তা অবরোধ রেখে সমাবেশ কর্মসূচি পালন করে। প্রায় অর্ধ ঘন্টা স্থায়ী কর্মসূচিতে সাইনল্যান্ড ও মিউনিসিপ্যালিটি এলাকায় রাস্তায় তীব্র যানজটের সৃষ্টি হয়। তবে পুলিশ উপস্থিতিতে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসা হয়। সমাবেশে শিক্ষার্থীরা বলেন, ঢাকা কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা আমাদের দীর্ঘদিনের প্রার্থের দাবি। এজন্য ইতিমধ্যে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে আবেদন করা হয়েছে। আগামী দুই মাসের মধ্যে এই কলেজকে স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা না হলে কঠোর কর্মসূচির মাধ্যমে ঢাকা শহরকে অচল করে দেয়া হবে।